

রোগীদের বিলে করোনারি স্টেন্টের দাম এবং উৎপাদক ও আমদানিকারকদের নাম বাধ্যতামূলকভাবে উল্লেখ থাকা প্রয়োজন : লোকসভায় জানালেন কেন্দ্রীয় সার ও রসায়ন প্রতিমন্ত্রী

নয়াদিল্লি, ১৪ মার্চ, ২০১৭

কেন্দ্রীয় সার ও রসায়ন এবং সড়ক পরিবহণ, মহাসড়ক তথা জাহাজ চলাচল প্রতিমন্ত্রী শ্রী মনসুখ এল মান্ডভিয়া আজ লোকসভায় এক লিখিত প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে, করোনারি স্টেন্ট-এর দাম সঠিকভাবে এবং পৃথকভাবে বিলে উল্লেখ করার জন্য নির্দেশ দিয়েছে ন্যাশনাল ফার্মাসিউটিক্যালস্ প্রাইসিং অথরিটি অর্থাৎ এনপিপিএ। এর পাশাপাশি, রোগীদের কাছে পেশ করা বিলে করোনারি স্টেন্টের উৎপাদক ও আমদানিকারকের নাম, ব্যাচ নম্বর এবং অন্যান্য তথ্যও বাধ্যতামূলকভাবে উল্লেখ থাকা প্রয়োজন।

শ্রী মান্ডভিয়া তাঁর উত্তরে আরও জানান, এই নির্দেশ অমান্য করা হলে সাক্ষ্য প্রমাণ লোপের ইচ্ছাকৃত চেষ্টা বলে তা গণ্য করা হবে। এছাড়া, নির্ধারিত দামের অতিরিক্ত মূল্য গ্রহণ করার যে কোনও ধরনের প্রচেষ্টা সরকারি নির্দেশের লঙ্ঘন বলেই মনে করা হবে।

শ্রী মান্ডভিয়া জানান, কেন্দ্রীয় সার ও রসায়ন মন্ত্রকের নিয়ন্ত্রণাধীন এনপিপিএ-এর মাধ্যমে সরকার পরিস্থিতির ওপর সতর্ক দৃষ্টি রেখে চলেছে এবং স্টেন্টের যোগানের বিষয়টির ওপর নজর রাখতে বলা হয়েছে রাজ্য সরকার এবং রাজ্যগুলির ড্রাগ কন্ট্রোলার কর্তৃপক্ষদের। মূল্য বেঁধে দেওয়ার পূর্বে দেশে যে সমস্ত ব্র্যান্ডের করোনারি স্টেন্টের যোগান অব্যাহত ছিল, তার উৎপাদন ও সরবরাহ যাতে অক্ষুণ্ণ থাকে তা আইনগতভাবে নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট উৎপাদক ও আমদানিকারকদের। যদি কোনও উৎপাদক, আমদানিকারক বা পরিবেশক স্টেন্টের কৃত্রিম অভাব সৃষ্টির চেষ্টা চালান, তা হলে প্রয়োজনীয় ক্ষমতা প্রয়োগের মাধ্যমে অভিযান চালানোর নির্দেশ দেওয়া হয়েছে সমস্ত রাজ্যের ড্রাগ কন্ট্রোলারদের। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই স্টেন্ট উৎপাদক সংস্থাগুলির সঙ্গে দু'দফায় বৈঠকে মিলিত হয়েছেন। স্টেন্টের যোগান অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে উৎপাদকদের পক্ষ থেকে।

শ্রী মান্ডভিয়া লোকসভায় পেশ করা তাঁর বিবৃতিতে আরও জানিয়েছেন যে, কোনও ব্যক্তি বা পক্ষের যদি এ ব্যাপারে কোনও ক্ষোভ বা অভিযোগ থাকে, তা হলে

TRIPURAINFO

এনপিপিএ-র হেল্পলাইন নম্বর ১৮০০১১১২৫৫-এ অথবা 'ফার্মা জনসমাধান' এই অনলাইন পদ্ধতিতে অভিযোগ পেশ করা যাবে

